

হযরত আয়েশা সিদ্দীকা (রাঃ)-এর ফযিলতঃ

عَنْ أَبِي سَلَمَةَ أَنَّ عَائِشَةَ قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا عَائِشُ هَذَا جِبْرَائِيلُ يَقْرُوكَ السَّلَامَ قَالَتْ وَعَلَيْهِ السَّلَامُ وَرَحْمَةُ اللَّهِ قَالَتْ وَهُوَ يَرَى مَا لَا أَرَى - مُتَّفَقٌ عَلَيْهِ -

১। অর্থঃ হযরত আবু সালামা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত- হযরত আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেছেন- রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন- “হে আয়েশা! এই যে জিবরাঈল তোমাকে সালাম বলছেন।” হযরত আয়েশা (রাঃ) “ওয়া আলাইহিস সালাম ওয়া রাহমাতুল্লাহি” বলে সালামের জওয়াব দিলেন এবং বললেন- হযুর (দঃ) যা দেখেন- আমি তা দেখিনা”। (বুখারী ও মুসলিম)।

عَنْ عَائِشَةَ أَنَّ جِبْرَائِيلَ جَاءَ بِصُورَتِهَا فِي خِرْقَةٍ حَرِيرٍ خَضْرَاءَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ هَذِهِ زَوْجَتُكَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ (رَوَاهُ التِّرْمِذِيُّ)

২। অর্থঃ হযরত আয়েশা রাদিয়াল্লাহু আনহা বর্ণনা করেন- হযরত জিবরাঈল আলাইহিস সালাম সবুজ রংয়ের একটি রেশমী রুমালে করে তাঁর (আয়েশার) সুরত রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খেদমতে পেশ করে বললেন- ইনি আপনার দুনিয়া ও আখেরাতের স্ত্রী”। (তিরমিজি) (হযরত আয়েশার ছয় বৎসর বয়সের সময়ের এই ঘটনা)।